

### র্যাগিং রুখতে এবার যাদবপুরে 'গো গ্রিন'



যাদবপুরের বার্তা এবার এভাবে

#### আজকালের প্রতিবেদন

ক্যাম্পাসে র্যাগিং রুখতে এ বছরও পোস্টার টাঙিয়ে প্রচার শুরু করল যাদবপুর বিশ্ববিদ্যালয়। এ বছরের অ্যান্টি-র্যাগিং প্রচারের থিম হল 'গো গ্রিন'। ক্যাম্পাস জুড়ে যে পোস্টার ও হোর্ডিং লাগানো হয়েছে, তাতে রয়েছে কনিক্যাল ফ্লাক্সের ভেতর একটা চারা গাছের ছবি। তাতে লেখা রয়েছে 'নার্চার লাইফ—সে নো টু র্যাগিং'। চারা গাছের মতো সতেজ অবস্থায় বিশ্ববিদ্যালয়ে পা রাখেন পড়ুয়ারা। একটা চারা গাছকে বড় করতে যত্নের পাশাপাশি প্রয়োজন রয়েছে আগলে রাখার। তেমনই এই ছবির মাধ্যমে প্রথম বর্ষের পড়ুয়াদের র্যাগিংয়ের হাত থেকে আগলে রাখার বার্তা দিচ্ছে বিশ্ববিদ্যালয়। ২০০৭ সাল থেকে বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের বিরুদ্ধে প্রচারের থিম তৈরি করছেন পরাগ সরকার। পরাগ বিশ্ববিদ্যালয়েরই প্রাক্তনী। এ বছরের থিমটিও তাঁরই তৈরি। হোর্ডিং ও পোস্টারগুলিতে বিশ্ববিদ্যালয়ের অ্যান্টি-র্যাগিং স্কোয়াডের প্রতিটি সদস্যের নাম ও ফোন নম্বর দেওয়া হয়েছে।